



স্মারক নং- ৩২.০১.৪৮৩৩.০০০.১১.০০১.২০-১৩০

তারিখ: ০৭/১১/২০২২খ্রি:

## প্যানেল তৈরির জন্য নিয়োগ বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তরধীন “কিশোর-কিশোরী ক্লাব স্থাপন” প্রকল্পের অধীনে দৈনিক ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে প্রকল্পের মেয়াদকালীন সময়ে নিম্নোক্ত পদ সমূহের শূণ্য পদ পূরণের নিমিত্তে নিয়োগ প্যানেল প্রস্তুতের জন্য ইটনা উপজেলার স্থায়ী নাগরিকদের নিকট থেকে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্র: নং	পদের নাম বেতন/সাকুল্য বেতন	পদের সংখ্যা	যোগ্যতা
১	জেন্ডার প্রমোটার দৈনিক ভিত্তিক ১০০০/- (সপ্তাহে দুই দিন)	০২ টি	এইচএসসি পাশ ও কম্পিউটার চালনায় (মাইক্রোসফট অফিস) ০২ বছরের বাস্তব অভিজ্ঞতা। প্রার্থীকে বাইসাইকেল চালনায় পারদর্শী হতে হবে।
২	সংগীত শিক্ষক দৈনিক ভিত্তিক ৫০০/- (সপ্তাহে একদিন)	০৯ টি	এস, এস, সি পাশ এবং সঙ্গীত বিষয়ে ডিপ্লোমা/শিল্পকলা একাডেমীর প্রশিক্ষণ সনদপ্রাপ্ত/রেডিও টিভির তালিকাভুক্ত শিল্পি/সঙ্গীত শিক্ষক হিসেবে প্রতিষ্ঠিত কোন একাডেমিতে কর্মরত। মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। তবে উল্লেখ্য যে, অভিজ্ঞ প্রার্থীদের বয়স ও যোগ্যতা শিথিলযোগ্য।
৩	আবৃত্তি শিক্ষক দৈনিক ভিত্তিক ৫০০/- (সপ্তাহে একদিন)	০৯ টি	এস, এস, সি পাশ এবং আবৃত্তি বিষয়ে ডিপ্লোমা/শিল্পকলা একাডেমীর প্রশিক্ষণ সনদপ্রাপ্ত/রেডিও টিভির তালিকাভুক্ত শিল্পি/আবৃত্তি শিক্ষক হিসেবে প্রতিষ্ঠিত কোন একাডেমিতে কর্মরত। মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। তবে উল্লেখ্য যে, অভিজ্ঞ প্রার্থীদের বয়স ও যোগ্যতা শিথিলযোগ্য।

- প্রার্থীকে আগামী ১০/১২/২০২২ তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার বরাবর লিখিতভাবে আবেদন করতে হবে।
- উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত প্রতিনিধি এবং উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার সমন্বয়ে গঠিত উপজেলা প্যানেল কমিটি সংশ্লিষ্ট উপজেলার প্রতিটি ক্লাবের প্রত্যেক পদের বিপরীতে আবেদনকৃত যোগ্য প্রার্থীদের মধ্যে হতে মেখাক্রম অনুযায়ী ০৩ (তিন) জনের প্যানেল প্রস্তুত করা হবে।
- সঙ্গীত শিক্ষক/আবৃত্তি শিক্ষক পদে নিয়োগ লাভের জন্য প্রার্থীকে ইটনা উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- সরকার নির্ধারিত কোটায় (শহীদ বীর মুক্তিযোদ্ধা/ বীর মুক্তিযোদ্ধাদের সন্তানদের/সন্তানদের সন্তান/ এতিমখানা/প্রতিবন্ধী/উপজাতি/ আনসার (ভিডিপি) প্রার্থীদের ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিষয়ে সর্বশেষ সরকারি সিদ্ধান্ত মোতাবেক অগ্রাধিকার পাবে।
- আগামী ১০/১২/২০২২ তারিখ সংশ্লিষ্ট পদের প্রার্থীদের বয়স অনূর্ধ্ব ৩০ বছর এর মধ্যে হতে হবে তবে নির্ধারিত বয়সসীমার মধ্যে কোন যোগ্য প্রার্থী পাওয়া না গেলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।
- আবেদনপত্রের খামের উপরে জান পার্শ্বে পদের নাম উল্লেখ করতে হবে।
- চাকুরীরত প্রার্থীদের আবেদনপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।
- আবেদন পত্রের সাথে শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্র, জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ, নাগরিকত্ব সনদ জমা দিতে হবে। সকল সনদপত্র ১ম শ্রেণীর কর্মকর্তা কর্তৃক নামাজিক্ত সীলসহ সত্যায়িত করে দাখিল করতে হবে।
- নির্ধারিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র এবং অসম্পূর্ণ/কুটিপূর্ণ আবেদনপত্র গ্রহণ যোগ্য হবে না।
- শূণ্য পদ পূরণের জন্য প্যানেল তৈরি বা বাতিল কর্তৃপক্ষ সংরক্ষণ করেন এবং চাকুরীতে নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিগ্র প্রদান করা হবে না।
- প্রার্থীকে সাক্ষাৎকার গ্রহণের সময় সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র সঙ্গে আনতে হবে।
- কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ প্যানেল নিয়োগের যে কোন প্রক্রিয়া স্থগিত/ বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

(নাফিসা আক্তার)  
উপজেলা নির্বাহী অফিসার  
ও  
আহ্বায়ক  
প্যানেল কমিটি  
কিশোর কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প  
ইটনা, কিশোরগঞ্জ।